

কেন্দ্রঃ ডায়াবেটিক এসোসিয়েশন মেডিকেল কলেজ, ফরিদপুর (৩১)
পরীক্ষাঃ ১ম পেশাগত এমবিবিএস পরীক্ষা মে ও নভেম্বর, ২০২০ (অনুষ্ঠিতব্য: ফেব্রুয়ারি, ২০২১)

স্মারক নং- ডিএএমসি/পরীক্ষা-১২/২০২০/৫৭৬

১৩ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ
তারিখঃ ২৭ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

পরীক্ষার্থীদের জন্য স্বাস্থ্যবিধি বিষয়ক নির্দেশনা

আগামী ফেব্রুয়ারি-২০২১ মাসে অনুষ্ঠিতব্য ২০২০ সনের মে ও নভেম্বর মাসের ১ম পেশাগত এমবিবিএস পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের নিম্নোক্ত স্বাস্থ্যবিধি বিষয়ক নির্দেশনা যথাযথভাবে মেনে চলতে হবে। অন্যথায় উক্ত শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

০১. পরীক্ষাপূর্ব নির্দেশনাঃ

- ১.১ সকল পরীক্ষার্থীকে ১৪ দিনের বাধ্যতামূলক কোয়ারান্টাইন সম্পন্ন করতে হবে। হোস্টেল সুপারগণ বিষয়টি নিশ্চিত করবেন।
- ১.২ আগামী ২৮/০১/২০২০ খ্রি. তারিখ (৫০ জন) এবং ৩০/০১/২০২১ খ্রি. তারিখ (অবশিষ্ট) এ অগ্র মেডিকেল কলেজের ছাত্র শাখা হতে নির্দিষ্ট ফরম সংগ্রহ করে কোডিড-১৯ টেস্ট করতে হবে।
- ১.৩ আগামী ০২/০২/২০২১ খ্রি. তারিখের মধ্যে নির্দিষ্ট নমুনামতে অভিভাবকের অঙ্গীকারনামা অত্র দণ্ডের জমা দিতে হবে।
- ১.৪ ফরম পূরণ: কোয়ারান্টাইন শেষে আগামী ০২/০২/২০২১ খ্রি. তারিখের মধ্যে “www.damcf.com” ওয়েব সাইটের মাধ্যমে পরীক্ষার্থীদের অনলাইনে ফরম পূরণ করে পূরণকৃত ফরমের স্বাক্ষরিত প্রিন্টেড কপিসহ ছবি ও ফিস স্বাস্থ্যবিধি মেনে প্রতিষ্ঠানে এসে জমা দিতে হবে।

০২. হোস্টেলে অবস্থান সংক্রান্ত নির্দেশনাঃ

- ২.১ সরকার প্রদত্ত কোয়ারান্টাইন নীতিমালা মেনে চলতে হবে।
- ২.২ হোস্টেলে প্রতি রুমে ১ জন শিক্ষার্থী অবস্থান করবে।
- ২.৩ শিক্ষার্থীরা পরীক্ষা সমাপ্ত না হওয়া পর্যন্ত পরীক্ষায় অংশগ্রহণ ব্যতিত হোস্টেলের বাইরে বের হতে পারবে না। জরুরী সামগ্রীর প্রয়োজন হলে হোস্টেল সুপারের অনুমতি সাপেক্ষে হোস্টেল স্টাফদের মাধ্যমে আনতে পারবে।
- ২.৪ অতীব জরুরী প্রয়োজন ব্যতীত শিক্ষার্থী তার অভিভাবক/আত্মীয়ের সঙ্গে দেখা করতে পারবে না।
- ২.৫ ব্যবহৃত সুরক্ষা সামগ্রীসহ অপ্রয়োজনীয় দ্রব্য হোস্টেলের নির্দিষ্ট ঢাকনাযুক্ত ডাস্টবিনে ফেলতে হবে।
- ২.৬ কলেজ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে শিক্ষার্থীরা জরুরী প্রয়োজনে স্বাস্থ্যবিধি মেনে ক্যাম্পাসের বাইরে যাতায়াত করতে পারবে।

০৩. সাধারণ নির্দেশনাঃ

- ৩.১ বাধ্যতামূলক মাস্ক পরিধান করতে হবে।
- ৩.২ পরীক্ষার পূর্বে ও পরে একত্রিত হয়ে আলোচনায় লিঙ্গ হওয়া যাবে না।
- ৩.৩ নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন থাকা, হাত ধোয়া, হাঁচি-কাশিসহ সামাজিক শিষ্টাচার অনুসরণ আবশ্যিক।
- ৩.৪ সকলের সহিত সামাজিক দূরত্ব (ন্যূনতম ৩ ফুট) বজায় রাখতে হবে।
- ৩.৫ করোনা উপসর্গ দেখা দিলে বা অসুস্থতা বোধ করলে সঙ্গে সঙ্গে হোস্টেল সুপারকে বা কো-অর্ডিনেটর বা ওয়ার্ডেন বা অধ্যক্ষের দণ্ডের অবহিত করতে হবে এবং দ্রুত চিকিৎসা গ্রহণ করতে হবে।
- ৩.৬ করোনা সংক্রমণ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ সংক্রান্ত সকল বিধি মেনে চলতে হবে।

১২/২/১/২

(অধ্যাপক ডাঃ মোঃ জহিরুল ইসলাম মিয়া)

অধ্যক্ষ

ডায়াবেটিক এসোসিয়েশন মেডিকেল কলেজ, ফরিদপুর

ফোন: (+৮৮) ০৬৩১-৬১৪৮৮; ই-মেইল: info@damcf.edu.bd

www.damcf.edu.bd

[অপর পৃষ্ঠা দ্রষ্টব্য]